

পটভূমি

হযরত শাহজালাল (র:) এবং হযরত শাহপরাণ (র:) এর স্মৃতি বিজরিত পুণ্যভূমি সিলেট। সিলেট জেলার অন্তর্গত গোলাপগঞ্জ ও বিয়ানীবাজার উপজেলার মধ্য দিয়ে কুশিয়ারা নদী প্রবাহিত হওয়ায় উপজেলা দুটির মধ্যে সড়ক পথে সরাসরি যোগাযোগ ছিল না। নদীর দুই পাড়ের জনসাধারণকে নৌকায় করে নদী পারাপার করতে হত। ফলে জনগণ তাদের উৎপাদিত পণ্যের উপযুক্ত মূল্য পেত না। বিশেষ করে বর্ষাকালে নৌকায় পারাপার হতে প্রচুর সময় লাগতো এবং অনেক সময় দুর্ঘটনা ঘটে জানমালের ক্ষতি হত। এলাকার জনসাধারণ এ অবস্থা হতে উত্তরণের জন্য বহুদিন হতে একটি সেতু নির্মাণের জন্য প্রত্যাশা করে আসছিল।

বিগত ১৯৯৯ সনে “বৃহত্তর সিলেট জেলার কয়েকটি গুরুত্বপূর্ণ ফিডার সড়ক ও সেতু নির্মাণ” প্রকল্পের অধীন এলজিইডির আওতাধীন সড়ক এ্যালাইনমেন্টে “ঢাকা দক্ষিণ-চন্দরপুর-বিয়ানীবাজার সড়কে কুশিয়ারা নদীতে ফেরী চালু ও সেতু নির্মাণ” নামে একটি উপ-প্রকল্প গৃহীত হয়। উক্ত উপ-প্রকল্পের অধীন চন্দরপুরে ফেরীঘাট চালু সহ ২৪৯.৩৭ মিটার দীর্ঘ সেতুটির নির্মাণ কাজ শুরু করা হয়। কিন্তু ২০০৭ সনে মূল প্রকল্প বন্ধ হওয়ায় ২.৩৬ কোটি টাকার কাজ সম্পন্ন করে সেতুর অবশিষ্ট নির্মাণ কাজ বন্ধ হয়ে যায়। পরবর্তীতে ২০০৯ সনে বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর জনগুরুত্বপূর্ণ বিবেচনায় ৪৮টি অসমাপ্ত সেতু সমাপ্ত করণের জন্য প্রকল্প গ্রহণ করে। এ সেতুটি উক্ত প্রকল্পের অন্তর্ভুক্ত একটি উপ-প্রকল্প। ভূমি অধিগ্রহণে জটিলতা সৃষ্টি হওয়ায় সরকারের সদিচ্ছা সত্ত্বেও নির্মাণ কাজে কিছুটা বিলম্ব ঘটে। ২৪.৬২ কোটি টাকা ব্যয়ে গত ৩০ জুন ২০১৫ তারিখে সেতুর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

চন্দরপুর-সুনামপুর সেতুটি নির্মাণের ফলে গোলাপগঞ্জ ও বিয়ানীবাজার উপজেলার মধ্যে সরাসরি সড়ক যোগাযোগ স্থাপিত হওয়ায় জনগণের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ হয়েছে। এছাড়াও এলাকার উৎপাদিত কৃষিজাত পণ্য পরিবহনের সহজ সুযোগ সৃষ্টি হয়েছে এবং উন্নয়ন কর্মকাণ্ডে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। এলাকার আর্থ-সামাজিক উন্নয়নে সেতুটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



চন্দরপুর ফেরীঘাটে চলাচলরত ফেরী



চন্দরপুর-সুনামপুর সেতু



সেতুর এপ্রোচ সড়ক

প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম : সড়ক নেটওয়ার্কে অন্তর্ভুক্ত সেতু সমূহের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ প্রকল্প

উপ-প্রকল্পের নাম : ঢাকাদক্ষিণ - চন্দরপুর - বিয়ানীবাজার সড়কে চন্দরপুর সেতু নির্মাণ

প্রশাসনিক মন্ত্রণালয় : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

বাস্তবায়নকারী : সড়ক ও জনপথ অধিদপ্তর

প্রকল্প ব্যয় : ৩০৬.৩৩ কোটি টাকা

অর্থায়নে : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

একনজরে চন্দরপুর-সুনামপুর সেতু

সেতুর অবস্থান : ঢাকাদক্ষিণ - সুনামপুর - চন্দরপুর - বিয়ানীবাজার সড়কে ৩য় কিলোমিটারে কুশিয়ারা নদীর উপর

সমাপ্তির তারিখ : ৩০ জুন ২০১৫

সেতুর নির্মাণ ব্যয় : মোট ২৪.৬২ কোটি টাকা

সেতুর দৈর্ঘ্য : ২৪৯.৩৭ মিটার

সেতুর প্রস্থ : ৭.৬০ মিটার (উভয় পার্শ্বে ফুটপাথ সহ)

সেতুর ধরণ : প্রি-স্ট্রেসড কংক্রিট গার্ডার সেতু

ভিত্তির ধরণ : কাষ্ট-ইন-সিটু আরসিসি পাইল

স্প্যান সংখ্যা : ৭টি

পিয়ার সংখ্যা : ৬টি

এ্যাটাইমেন্ট সংখ্যা : ২টি

নেভিগেশন ক্লিয়ারেন্স : ভার্টিক্যাল ৭.৬২ মিটার (সর্বোচ্চ বন্যা সীমার উপরে)
হরাইজন্টাল ৩৬.৬০ মিটার

এপ্রোচ সড়কের দৈর্ঘ্য : ৬৪৫.০০ মিটার
সুনামপুর প্রান্তে : ৩৬০.০০ মিটার
চন্দরপুর প্রান্তে : ২৮৫.০০ মিটার